সংবাদ

তারিখ 08 AUG 2008

পৃষ্ঠা ১২ কলাম ৭

## ম্যাটসের ভর্তি কার্যক্রম বন্ধের দাবি

# ফরিদপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ অবরুদ্ধ : বিক্ষোভ ভাঙচুর আগুন

প্রতিনিধি, ফরিদপুর

ম্যাটসের কার্যক্রম বন্ধের দাবি ফরিদপুর মেডিকেল কলেজের আন্দোলনরত ছাত্রছাত্রীরা গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করে কলেজের অধ্যক্ষকে অবরুদ্ধ করে রাখে। দফায় দফায় ছাত্রছাত্রীরা কলেজের বিভিন্ন কক্ষে ভাঙচুর চালায় এবং আসবাবপত্রে আগুন ধরিয়ে দেয়। কলেজের অধ্যক্ষের হাতে এ সময় লাঞ্ছিত হয় বেশ কয়েকজন ছাত্র। বর্তমানে কলেজ ক্যাম্পাসে টানটান উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

ফরিদপুর মেডিকেল কলেজের ছাত্রছাত্রীদের বিভিন্ন সমস্যার সমাধান ও মেডিকেল এসিসট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) ভর্তি কার্যক্রম বন্ধের দাবিতে কলেজের ছাত্রছাত্রীরা গত বুধবার থেকে আন্দোলন করে আসছিল। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে মেডিকেল কলেজের ছাত্রছাত্রীরা প্রধান ফটক তালা মেরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করার একপর্যায়ে কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জালালউদ্দিন আহমেদের নেতৃত্বে বিপুলসংখ্যক পুলিশ কলেজ ক্যাম্পাসে প্রবেশের চেষ্টা চালায়। এ সময় ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে। তারা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। পুলিশ জোরপূর্বক ক্যাম্পাসে আবার ঢোকার চেষ্টা চালালে ছাত্রদের সঙ্গে পুলিশের হাতাহাতির ঘটনা ঘটে। পরে কয়েকশ ছাত্র লাঠিসোঁটা নিয়ে জড়ো হলে পুলিশ সরে যেতে বাধ্য

অধ্যক্ষ : পৃ: ২ ক: ৬

### অধ্যক্ষ : অবরুদ্ধ

(১২ পৃষ্ঠার পর)

হয়। এ সময় ছাত্ররা কলেজের বিভিন্ন কক্ষ ভাঙচুর করে এবং আসবাবপত্রে আগুন ধরিয়ে দেয়। তারা ম্যাটসের অধ্যক্ষ ডা. নাসির উদ্দিনের কক্ষ ভাঙচুর ও অগ্নিসংযোগ করে।

বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা এ সময় কলেজের অধ্যক্ষ ডা. এনামুল করিমের অপসারণের দাবিতে বিভিন্ন স্লোগান দেয়। একপর্যায়ে ছাত্ররা কলেজের অধ্যক্ষের সঙ্গে দেখা করতে গেলে তিনি কয়েকজন ছাত্রকে বেদম প্রহার করেন বলে ছাত্ররা দাবি করেন। অধ্যক্ষের হাতে ছাত্র লাঞ্ছিত হওয়ার ঘটনা জানার পর বিক্ষুব্ধ ছাত্ররা অধ্যক্ষকে অবরুদ্ধ করে রাখে। দফায় দফায় ছাত্ররা কলেজের বিভিন্ন প্রতিষ্ঠানের জানালার কাচ ও আসবাবপত্র ভাঙচুর করে।